



গণজোয়ারে আতঙ্ক ছড়াচ্ছে একটি বড় দল: নাহিদ ইসলাম



সংগৃহীত ছবি

আসন্ন নির্বাচন ঘিরে একটি বড় দল পরিকল্পিতভাবে ভয় ও বিভ্রান্তি ছড়াচ্ছে বলে অভিযোগ করেছেন এনসিপি আহ্বায়ক নাহিদ ইসলাম। ভাটারার বাঁশতলায় এক সমাবেশে তিনি বলেন, ১০ দলীয় জোটের বাড়তে থাকা সমর্থনই এই অস্থিরতার কারণ।

তিনি বলেন, আগামী নির্বাচনে চাঁদাবাজ ও ভূমিদস্যুদের রাজনীতি থেকে দূরে রাখতে হবে। বিশেষ করে ঢাকা-১১ আসনে এ ধরনের কারণ জায়গা হবে না বলে তিনি সতর্ক করেন। ভোটকেন্দ্র দখলের যে কোনো অপচেষ্টা প্রতিহত করা হবে উল্লেখ করে নাহিদ ইসলাম জানান, প্রতিটি কেন্দ্রে নজরদারি থাকবে এবং ভোটারদের অধিকার নিশ্চিত করা হবে।

তিনি আরও বলেন, অতীতের আন্দোলনের লক্ষ্য ছিল অন্যায়ে ও স্বৈরশাসনের অবসান ঘটিয়ে ন্যায়ভিত্তিক রাষ্ট্র গড়া। ঢাকা-১১ আসনের যানজট, চাঁদাবাজি ও ভূমিদস্যুতা দূর করার প্রতিশ্রুতিও দেন তিনি।

সমাবেশ থেকে তিনি সারা দেশে ১০ দলীয় জোটের প্রার্থীদের সমর্থন এবং গণভোটে 'হ্যাঁ' ভোট দেওয়ার আহ্বান জানান। পাশাপাশি ভোটের দিন মানুষকে কেন্দ্রে আনা, আস্থা অর্জন এবং দুর্নীতি ও বৈষম্যের রাজনীতিকে প্রত্যাখ্যান করে সুশাসন ও গণতন্ত্রের পক্ষে অবস্থান নেওয়ার আহ্বান জানান।